

## 📖 সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৯০৭

১৩/ কিতাবুল ফারাইয (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৩২. আযাদকৃত দাসের পরিত্যক্ত মাল সম্পর্কে।

### باب في الولاء

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو بْنُ أَبِي الْحَجَّاجِ أَبُو مَعْمَرٍ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ، عَنْ عَمْرٍو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ رِبَّابَ بْنَ حُذَيْفَةَ، تَزَوَّجَ امْرَأَةً فَوَلَدَتْ لَهُ ثَلَاثَةَ غِلْمَةٍ فَمَاتَتْ أُمُّهُمْ فَوَرِثُوهَا رِبَاعَهَا وَوَلَاءَ مَوَالِيهَا وَكَانَ عَمْرٍو بْنُ الْعَاصِ عَصْبَةً بَنِيهَا فَأَخْرَجَهُمْ إِلَى الشَّامِ فَمَاتُوا فَقَدِمَ عَمْرٍو بْنُ الْعَاصِ وَمَاتَ مَوْلَى لَهَا وَتَرَكَ مَالًا لَهُ فَخَاصَمَهُ إِخْوَتُهَا إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَقَالَ عُمَرُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا أَحْرَزَ الْوَلَدُ أَوْ الْوَالِدُ فَهُوَ لِعَصْبَتِهِ مَنْ كَانَ " . قَالَ فَكَتَبَ لَهُ كِتَابًا فِيهِ شَهَادَةُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَزَيْدِ بْنِ ثَابِتٍ وَرَجُلٍ آخَرَ فَلَمَّا اسْتُخْلِفَ عَبْدُ الْمَلِكِ اخْتَصَمُوا إِلَى هِشَامِ بْنِ إِسْمَاعِيلَ أَوْ إِلَى إِسْمَاعِيلَ بْنِ هِشَامٍ فَرَفَعَهُمْ إِلَى عَبْدِ الْمَلِكِ فَقَالَ هَذَا مِنَ الْقَضَاءِ الَّذِي مَا كُنْتُ أَرَاهُ . قَالَ فَقَضَى لَنَا بِكِتَابِ عُمَرَ بْنِ الْخَطَّابِ فَنَحْنُ فِيهِ إِلَى السَّاعَةِ .

বাংলা

২৯০৭. আবদুল্লাহ ইবন আমর ইবন আবী হাজ্জাজ আবু মা'মার (রহঃ) .... আমর ইবন শু'আয়ব (রহঃ) তার পিতা হতে এবং তিনি তার দাদা থেকে বর্ণনা করেছেন যে, রাবাব ইবন হুযায়ফা (রাঃ) জনৈক মহিলাকে বিবাহ করেন। যার গর্ভে তাঁর ঔরসে তিনটি সন্তান জন্ম নেয়। অতঃপর তাদের মাতা মারা গেলে, তারা (বান্ধারা) তাদের মাতার পরিত্যক্ত বাড়ী ও আযাদকৃত দাস-দাসীর ওয়ারিছ হয়। আর আমর ইবন আস (রাঃ) ছিলেন এদের 'আসাবা' যিনি তাদেরকে শাম দেশে পাঠালে তারা সবাই সেখানে মারা যায়।

অতঃপর আমর ইবন আস (রাঃ) সেখানে গমন করেন। তখন সে মহিলার একটি আযাদকৃত গোলাম মারা যায়, যে তার কিছু ধন-সম্পদ রেখে যায়। তখন সে মহিলার ভাই এ ব্যাপারে ফয়সালার জন্য উমার ইবন খাত্তাব (রাঃ) এর নিকট উপস্থিত হয়। সে সময় উমার (রাঃ) বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে,

আযাদকৃত দাস-দাসীর পরিত্যক্ত মাল, যা সন্তান-সন্ততি বা পিতা পেয়েছে, তা তার 'আসাবা' যারা থাকবে, তাদের প্রাপ্য।

অতঃপর তিনি [উমার (রাঃ)] এ ব্যাপারে একটি রায় লিপিবদ্ধ করেন, যাতে আবদুর রহমান ইবন আওফ, যায়দ ইবন ছাবিত (রাঃ) এর দস্তখত ছাড়াও আরো এক ব্যক্তির দস্তখত নেওয়া হয়। অতঃপর আবদুল মালিক ইবন মারওয়ান যখন খলীফা নিযুক্ত হন, তখন লোকেরা এ ধরনের একটি মোকদ্দমা হিশাম ইবন ইসমা'ঈল বা ইসমা'ঈল ইবন হিশামের কাছে পেশ করে। যিনি সেটি খলীফা আবদুল মালিকের নিকট পাঠিয়ে দেন। যা দেখে তিনি বলেনঃ ব্যাপারটি আমার কাছে এমনই মনে হচ্ছে যে, যেন আমি তা দেখেছি।

রাবী বলেনঃ তখন তিনি (আবদুল মালিক) উমার ইবন খাত্তাব (রাঃ) এর ফয়সালার অনুরূপ মোকদ্দমাটি নিষ্পত্তি করে দেন। আর ঐ পরিত্যক্ত সম্পত্তি এখনও আমাদের কাছে মওজুদ আছে।

## English

Narrated 'Amr b. Suh'aib:

On his father's authority, said that his grandfather reported: Rabab ibn Hudhayfah married a woman and three sons were born to him from her. Their mother then died. They inherited her houses and had the right of inheritance of her freed slaves.

Amr ibn al-'As was the agnate of her sons. He sent them to Syria where they died. Amr ibn al-'As then came. A freed slave of hers died and left some property. Her brothers disputed with him and brought the case to Umar ibn al-Khattab.

Umar reported the Messenger of Allah (ﷺ) as saying: Whatever property a son or a father receives as an heir will go to his agnates, whoever they may be. He then wrote a document for him, witnessed by AbdurRahman ibn Awf, Zayd ibn Thabit and one other person. When AbdulMalik became caliph, they presented the case to Hisham ibn Isma'il or Isma'il ibn Hisham (the narrator is doubtful).

He sent them to 'Abd al-Malik who said: This is the decision which I have already seen.

The narrator said: So he ('Abd al-Malik) made the decision on the basis of the document of Umar ibn al-Khattab, and that is still with us till this moment.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আযব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35015>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন